




দেশে ফেরা ও মায়ের অসুস্থতা নিয়ে তারেক রহমানের বার্তা



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, মায়ের সংকটাপন্ন অবস্থায় তার স্বদেশে ফেরার ইচ্ছা প্রবল হলেও রাজনৈতিক বাস্তবতা তাকে তাৎক্ষণিক সিদ্ধান্ত নিতে দিচ্ছে না। শনিবার সকালে নিজের ভেরিফায়েড স্ট্যাটাসে তিনি জানান, “মায়ের স্নেহস্পর্শ পাবার আকাঙ্ক্ষা প্রবল, কিন্তু এ বিষয়ে আমার সিদ্ধান্ত এককভাবে কার্যকর করা সম্ভব নয়।”

তিনি আশা প্রকাশ করেন, পরিস্থিতি অনুকূল হলেই বহুদিনের অপেক্ষার অবসান ঘটবে এবং তিনি দেশে ফিরতে পারবেন।

তারেক রহমান আরও জানান, বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বর্তমানে গুরুতর অসুস্থ অবস্থায় নিবিড় পর্যবেক্ষণে রয়েছেন। দলমত নির্বিশেষে দেশের মানুষ তার সুস্থতার জন্য দোয়া করে যাচ্ছে। প্রধান উপদেষ্টাও চিকিৎসা ও সহযোগিতার প্রতি পূর্ণ সমর্থন দিয়েছেন। দেশ-বিদেশের চিকিৎসকরা সর্বোচ্চ আন্তরিকতা নিয়ে সেবা দিচ্ছেন, একইসঙ্গে কয়েকটি বন্ধুত্বপূর্ণ রাষ্ট্র উন্নত চিকিৎসায় সহায়তার আগ্রহ জানিয়েছে।

সবশেষে তিনি খালেদা জিয়ার রোগমুক্তির জন্য দোয়া অব্যাহত রাখার অনুরোধ জানান এবং জিয়া পরিবারের পক্ষ থেকে সবার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।